বাগেরহাটে জেলা আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল

ছাত্রদলের ঔদ্ধত্যপূর্ণ শ্লোগান এবং বিএনপি-জামায়াতের পদ্মা সেতুসহ দেশ বিরোধী নানা ষড়যন্ত্রের প্রতিবাদে বাগেরহাটের জেলা আওয়ামী লীগের উদ্যোগে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে বাগেরহাট শহরের রেলরোডস্থ দলীয় কার্যালয় থেকে মিছিলটি শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দলীয় কার্যালয় চত্বরে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য দেন, জেলা আওয়ামী লীগের সহসভাপতি এ্যাডভোকেট শাই আলম বাচ্চু, সাধারণ সম্পাদক বীরমুক্তিযোদ্ধা এ্যাড. ভূইয়া হেমায়েত উদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক খান হাবিবুর রহমান, এ্যাডভোকেট ফরিদ উদ্দিন আহমেদ, এ্যাডভোকেট আলী আকবর, সরদার সেলিম আহমেদ, সরদার ফখরুল আলম সাহেব, মনোয়ার হোসেন টগর, কৃষকলীগের সভাপতি আবুল হাসেম শিপন, তাঁতী লীগের আহবায়ক আব্দুল বাকি তালুকদার, ছাত্রলীগের সভাপতি মো: মনির হোসেন প্রমুখ।

প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, আমাদের সকলকে বিএনপি-জামাতের দেশ বিরোধী ষড়যন্ত্রের বিরুদ্ধে সজাগ থাকতে হবে। যে কোন ধরনের ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সকল ভেদাভেদ ভুলে গিয়ে ঐক্যবদ্ধ হয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।